

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৮২

১. পবিত্রতা (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৮. কুলি করা ও নাক পরিষ্কার করা এবং উযুর প্রারম্ভে উভয়িটি সম্পূর্ণ করার বিষয়ে উৎসাহ প্রদান بَابُ مَا رُوِيَ فِي الْحَثِّ عَلَى الْمَضْمُضَةِ وَالْإِسْتِنْشَاقِ وَالْبَدَاءَةِ بِهِمَا أَوَّلَ الْوُضُوءِ

আরবী

ثَنَا دَعْلَجُ بْنُ أَحْمَدَ ، نَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ النَّضْرِ ، نَا أَبُو غَسَّانَ ، نَا إِسْرَائِيلُ . وَنَا دَعْلَجُ بْنُ أَحْمَدَ ، نَا مُوسَى بْنُ هَارُونَ ، حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ ، نَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ ، نَا إِسْرَائِيلُ ، عَنْ عَامِرِ بْنِ شَقِيقٍ ، عَنْ شَقِيقٍ بْنِ سَلَمَةَ ، قَالَ : رَأَيْتُ عُثْمَانَ بْنَ عَفَّانَ تَوَضَّاً فَغَسَلَ كَفَيْهِ ثَلَاثًا ، وَمَضْمَضَ وَاسْتَنْشَقَ ثَلَاثًا ، وَغَسَلَ وَجْهَهُ ثَلَاثًا ، وَغَسَلَ دَرُاعَيْهِ ثَلَاثًا ، وَغَسَلَ دَرُاعَيْهِ ثَلَاثًا ، وَمَضْمَضَ وَاسْتَنْشَقَ ثَلَاثًا ، وَغَسَلَ وَجْهَهُ ثَلَاثًا ، وَغَسَلَ دَرُاعَيْهِ ثَلَاثًا ، وَمَسْحَ رَأَسْهُ ، وَأَذُنَيْهِ ظَاهِرَهُمَا وَبَاطِنَهُمَا ، وَخَلَّلَ لِحْيَتَهُ ثَلَاثًا ، وَغَسَلَ قَدَمَيْهِ ثَلَاثًا ، وَقَالَ : رَأَيْتُ رَسُولَ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ فَعَلَ كَمَا فَعَلْتُ . يَتَقَارَبَانِ فِيهِ

বাংলা

২৮২(১৩). দালাজ ইবনে আহমাদ (রহঃ) ... শাকীক ইবনে সালামা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি উসমান ইবনে আফফান (রাঃ)-কে উযু করতে দেখেছি। তিনি তার দুই হাত কব্জি পর্যন্ত তিনবার ধৌত করেন, তিনবার কুলি করেন, তিনবার নাক পরিষ্কার করেন, তিনবার মুখমণ্ডল ধৌত করেন, দুই হাত তিনবার ধৌত করেন, দুই কানের ভেতর ও বহির্ভাগসহ (একবার) মাথা মসেহ করেন, তিনবার দাড়ি খিলাল করেন, দুই পা তিনবার ধৌত করেন এবং পায়ের আঙ্গুলগুলো তিনবার খিলাল করেন, অতঃপর বলেন, আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে আমার অনুরূপ উযু করতে দেখেছি। উভয়ের বর্ণনা প্রায় কাছাকাছি।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ শাক্ষীক ইবন সালামা (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন